
# মূল বইয়ের অতিরিক্ত অংশ

## ষষ্ঠ অধ্যায়: জাতীয় আয় ও এর পরিমাপ

### পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶ ১**




◀ *শিখনফল-৪*

ক. চূড়ান্ত দ্রব্য বলতে কী বোঝায়? ১

খ. 'মোট জাতীয় আয় ও নিট জাতীয় আয় এক নয়' ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত উৎপাদন পদ্ধতি ও আয় পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় নির্ধারিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত উৎপাদন, আয় ও ব্যয় পদ্ধতি নির্ধারণে কী কী সতর্কতা অবলম্বন করতে হবে বলে তুমি মনে করো— বিশ্লেষণ করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** যেসব দ্রব্য পুনরায় উৎপাদন কাজে ব্যবহৃত হয় না সেগুলোকে চূড়ান্ত দ্রব্য বলে।

**খ** মোট জাতীয় আয় ও নিট জাতীয় আয় এক নয়।

মোট জাতীয় আয় দ্বারা একটি দেশে চূড়ান্তভাবে উৎপাদিত দ্রব্যসামগ্রীর বাজার দাম সম্পর্কে ধারণা পাওয়া যায়। আর নিট জাতীয় আয় দ্বারা কোনো নির্দিষ্ট সময়ে কোনো দেশে উৎপাদিত চূড়ান্ত দ্রব্য ও সেবার আর্থিক মূল্য থেকে মূলধনসামগ্রীর ক্ষয়ক্ষতিজনিত ব্যয় বাদ দিলে যা অবশিষ্ট থাকে সেটিকে বোঝায়। ধরা যাক, একটি দেশের মোট জাতীয় আয় ৪২ হাজার কোটি টাকা এবং মূলধনসামগ্রী ব্যবহারজনিত ব্যয় ১০ হাজার কোটি টাকা। এক্ষেত্রে নিট জাতীয় আয় = মোট জাতীয় আয় — অবচয় ব্যয়, বা ৩২ হাজার কোটি টাকা।

**গ** উদ্দীপকে উল্লিখিত উৎপাদন পদ্ধতি ও আয় পদ্ধতিতে জাতীয় আয় নির্ধারণের প্রক্রিয়া নিচে আলোচনা করা হলো-

উৎপাদন পদ্ধতি অনুযায়ী, কোনো নির্দিষ্ট সময়ে (সাধারণত একটি আর্থিক বছরে) একটি দেশে যে সকল বস্তুগত ও অবস্তুগত দ্রব্য ও সেবা উৎপন্ন হয় তার পরিমাণকে নিজ নিজ দাম দ্বারা গুণ করে উক্ত গুণফলগুলো যোগ করলে মোট জাতীয় আয় পাওয়া যায়। মনে করি, $x_1$, $x_2$, $x_3$ .......... $x_n$ হলো উৎপাদিত সকল দ্রব্য ও সেবার পরিমাণ এবং তাদের নিজস্ব দাম যথাক্রমে $p_1$, $p_2$, $p_3$, ............... $p_n$ হলে মোট জাতীয় আয় হবে, $Y = x_1p_1 + x_2p_2 + x_3p_3 + \ldots\ldots\ldots\ldots + x_np_n$.

আবার আয় পদ্ধতি অনুযায়ী, মোট জাতীয় আয় হলো উৎপাদনকার্যে ব্যবহৃত উপকরণসমূহের প্রাপ্ত আয়ের সমষ্টি। উৎপাদনক্ষেত্রে ব্যবহৃত মৌলিক উপকরণগুলো হলো- ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন এবং এদের উপার্জিত আয় যথাক্রমে খাজনা, মজুরি, সুদ ও মুনাফা। যদি কোনো দেশের মোট খাজনা = $\Sigma r$, মোট মজুরি = $\Sigma w$, মোট সুদ = $\Sigma i$, ও মোট মুনাফা = $\Sigma\pi$ হয় তবে এ পদ্ধতিতে জাতীয় আয় হবে, $Y = \Sigma r + \Sigma w + \Sigma i + \Sigma\pi$.

গণনা ও হিসাবের ত্রুটি-বিচ্যুতির কারণে উভয় পদ্ধতিতে খানিকটা পার্থক্য হতে পারে, তবে জাতীয় আয় নির্ণয়ের ক্ষেত্রে দুটি পদ্ধতিই একই ফলাফল বহন করে।

**ঘ** জাতীয় আয় পরিমাপে উৎপাদন, আয় ও ব্যয় পদ্ধতির ক্ষেত্রে যেসব সতর্কতা অবলম্বন করতে হবে তা বিশ্লেষণ করা হলো—

১. সামগ্রিক আয় গণনায় উৎপাদন পদ্ধতিতে দ্বৈত গণনার সমস্যা সম্পূর্ণভাবে এড়িয়ে যাওয়ার উপায় নেই। যেমন: তুলা থেকে সুতা এবং কাপড়-এর মূল্য একাধিকবার হিসাবে অন্তর্ভুক্ত করা হলে সঠিক সামগ্রিক আয় পাওয়া যাবে না।

২. অবিক্রিত পণ্যদ্রব্য ও সেবার মূল্য কত হবে এবং সে মূল্য কোন বছরের দ্রব্য মূল্যের সাথে যুক্ত হবে তা নির্ধারণ করা একটি সমস্যার বিষয়।

৩. সামগ্রিক আয় সঠিকভাবে পরিমাপ করার জন্য সঠিক তথ্য ও পরিসংখ্যানের প্রয়োজন হয়। কিন্তু অনুন্নত ও উন্নয়নশীল দেশে এ সব তথ্য ও পরিসংখ্যানের যথেষ্ট অভাব দেখা দেয়।

৪. দেশে যখন মুদ্রাস্ফীতি ও মুদ্রাসংকোচন ঘটে তখন পণ্যের মূল্য পরিবর্তন হয়। ফলে আর্থিক আয়ের বৃদ্ধি বা হ্রাস ঘটে। সে সময় সামগ্রিক আয়ের সঠিক হিসাব করা যায় না।

৫. সামগ্রিক আয় গণনা ও হিসাবের ক্ষেত্রে ক্ষয়ক্ষতিজনিত ব্যয় নির্ধারণ করা জটিল বিষয়। এ ছাড়া এ ব্যয়ের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে নির্দিষ্ট মাপকাঠি নেই।

৬. উৎপাদনকারী যে সব দ্রব্য ও সেবা উৎপন্ন করে এর চূড়ান্ত পর্যায়ের দ্রব্যের মূল্য বিভিন্ন স্থানে বিভিন্ন ধরনের হয়ে থাকে। এ ক্ষেত্রে সামগ্রিক আয় গণনার ক্ষেত্রে একক মূল্য নির্ধারণ করা একটি সমস্যার বিষয়।

সুতরাং জাতীয় আয় পরিমাপের ক্ষেত্রে উৎপাদন, আয় ও ব্যয় পদ্ধতিতে উপরে উল্লিখিত সমস্যাগুলো থাকতে পারে এবং এর থেকে সতর্কতা অবলম্বন করা জরুরি।

**প্রশ্ন ▶ ২** 'ক' দেশে এক বছরে ১ লক্ষ কুইন্টাল ধান, ২০ হাজার কুইন্টাল পাট, ১ লক্ষটি পোশাক ও ১ লক্ষটি সাবান উৎপাদিত হয়। উৎপাদিত দ্রব্যগুলোর বাজার দর নিম্নরূপ :

| | |
|---|---|
| ধান প্রতি কুইন্টাল | ১ হাজার টাকা |
| পাট প্রতি কুইন্টাল | ১ হাজার টাকা |
| পোশাক প্রতিটি | ১ হাজার টাকা |
| সাবান প্রতিটি | ৫০ টাকা |

◀ *শিখনফল-৪*

ক. CCA এর পূর্ণরূপ কী? ১

খ. আয় পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় নির্ণয় করা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের ভিত্তিতে কীভাবে 'ক' দেশটির মোট দেশজ উৎপাদন নিরূপণ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোন দ্রব্যগুলোর খাত বাংলাদেশের অর্থনীতিতে অধিকতর ভূমিকা রাখে? মূল্যায়ন করো। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** CCA এর পূর্ণরূপ হলো– Capital Consumption Allowance।

**খ** আয় পদ্ধতি অনুযায়ী সাধারণত একটি আর্থিক বছরে একটি দেশের উৎপাদন কাজে নিয়োজিত উপাদানসমূহের পারিতোষিক বা আয় যোগ করলে মোট জাতীয় আয় পাওয়া যায়।

উৎপাদনের মৌলিক উপাদান হলো ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন। এই উপাদানগুলো থেকে প্রাপ্ত আয় হলো যথাক্রমে খাজনা, মজুরি, সুদ ও মুনাফা। সুতরাং, আয় পদ্ধতিতে একটি নির্দিষ্ট সময়ের মোট খাজনা, মোট মজুরি, মোট সুদ ও মোট মুনাফার যোগফলকে জাতীয় আয় হিসেবে গণ্য করা হয়।

**গ** উদ্দীপকে উল্লিখিত তথ্যের ভিত্তিতে 'ক' দেশের অভ্যন্তরে বছরে চারটি দ্রব্য উৎপাদন হয়। যেমন- বছরে ১ লক্ষ কুইন্টাল ধান, ২০ হাজার কুইন্টাল পাট, ১ লক্ষটি পোশাক এবং ১ লক্ষটি সাবান উৎপাদন হয়। তাহলে 'ক' দেশটির মোট দেশজ উৎপাদন (জিডিপি) = ১ লক্ষ কুইন্টাল ধান × ধানের বাজার মূল্য + ২০ হাজার কুইন্টাল পাট × পাটের বাজার মূল্য + ১ লক্ষটি পোশাক × পোশাকের বাজার মূল্য + ১ লক্ষটি সাবান × সাবানের বাজার মূল্য।

সুতরাং 'ক' দেশের জিডিপি = ১ লক্ষ কুইন্টাল ধান × ১,০০০ টাকা + ২০ হাজার কুইন্টাল পাট × ১,০০০ টাকা + ১ লক্ষটি পোশাক × ১,০০০ টাকা + ১ লক্ষটি সাবান × ৫০ টাকা।

∴ জিডিপি = ১০,০০,০০,০০০ + ২,০০,০০,০০০ + ১০,০০,০০,০০০ + ৫০,০০,০০০ টাকা = ২২,৫০,০০,০০০ টাকা।

**ঘ** উদ্দীপকে বর্ণিত 'ক' দেশে উৎপাদিত ধান ও পাট হলো কৃষিখাতের দ্রব্য। অন্যদিকে পোশাক হলো শিল্পখাতের দ্রব্য। জাতীয় আয় বৃদ্ধিতে উভয় খাতই অবদান রাখে।

বাংলাদেশের জাতীয় আয়ের উৎস হিসেবে যতগুলো খাত রয়েছে এর মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ হলো কৃষিখাত। কৃষিখাত বলতে শস্য ও শাকসবজি, প্রাণিসম্পদ, বনজ সম্পদ, মৎস্য সম্পদকে বোঝায়।

বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। আমাদের দেশের শতকরা প্রায় ৭৫ ভাগ লোক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির ওপর নির্ভরশীল। গ্রামীণ অর্থনীতির উন্নয়ন, খাদ্য নিরাপত্তা তথা খাদ্যশস্য উৎপাদনে স্বনির্ভরতা অর্জন, জীবনযাত্রার মান উন্নয়ন, কর্মসংস্থান বৃদ্ধি ইত্যাদি কৃষির অগ্রগতির সাথে প্রত্যক্ষভাবে জড়িত। অর্থনৈতিক সমীক্ষা ২০১৯ অনুসারে, ২০১৮-১৯ অর্থবছরে আমাদের খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ ছিল ৪১৩.৭৮ লক্ষ মেট্রিক টন এবং জিডিপিতে কৃষি খাতের অবদান প্রায় ১৩.৬০ শতাংশ। তাছাড়া হিমায়িত খাদ্য, পাটজাত দ্রব্য ও চা রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে এ দেশের জিডিপি বৃদ্ধি পাচ্ছে। অন্যদিকে বর্তমানে শিল্পখাতও উন্নতির পথে অগ্রসর হচ্ছে। আর এ খাতের মধ্যে অধিক গুরুত্ব রাখছে পোশাক শিল্প।

তাই বলা যায়, উদ্দীপকে উল্লিখিত দ্রব্যগুলোর মধ্যে ধান, পাট ও পোশাক শিল্প বাংলাদেশের অর্থনীতিতে অধিকতর ভূমিকা রাখছে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৩** ড. এম রহমান একজন অর্থনীতিবিদ। তিনি বাংলাদেশের জাতীয় আয় নির্ধারণ করতে গিয়ে বিভিন্ন সমস্যার মধ্যে পড়েছেন। তিনি গবেষণার মাধ্যমে দেখেন, জাতীয় আয় বা মোট দেশজ উৎপাদন কিছু উপাদানের ওপর নির্ভর করে। এছাড়া কিছু মাথাপিছু জিডিপি বের করার জন্য একটি সূত্র অবলম্বন করেন, যার মাধ্যমে তিনি বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা সহজেই পরিমাপ করতে পারলেন। ◀ *শিখনফল-৪ ও ৫*

ক. মোট দেশজ উৎপাদন কী? ১
খ. উৎপাদন পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় নির্ধারণ করা যায়? ২
গ. ড. এম রহমান জনপ্রতি যে আয়ের সূত্র অবলম্বন করেছেন, তা ব্যাখ্যা করো। ৩
ঘ. ড. এম রহমানের গবেষণায় মোট দেশজ উৎপাদনের যেসব উপাদানের ওপর নির্ভরশীলতা ধরা পড়েছে, সেসব উপাদানের বিশ্লেষণ দাও। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** একটি নির্দিষ্ট সময়ে (সাধারণত একটি আর্থিক বছরে) কোনো দেশের অভ্যন্তরে যে পরিমাণ চূড়ান্ত দ্রব্যসামগ্রী ও সেবা উৎপাদিত হয় তার আর্থিক মূল্যের সমষ্টিকে মোট দেশজ উৎপাদন (জিডিপি) বলে।

**খ** উৎপাদন পদ্ধতি অনুসারে কৃষি, শিল্প, সেবা, খনিজ সম্পদ প্রভৃতির আর্থিক মূল্য যোগ করে জাতীয় আয় নিরূপণ করা হয়।


একটি আর্থিক বছরে যেসব দ্রব্য ও সেবা উৎপন্ন হয় তার প্রতিটির পরিমাণকে নিজ নিজ গড় দাম দ্বারা গুণ করে প্রাপ্ত অর্থসমূহের সমষ্টিই হলো মোট জাতীয় আয়। এক্ষেত্রে বাংলাদেশের অর্থনীতিকে ১৫টি খাতে বিভক্ত করে খাতওয়ারী উৎপাদনের মূল্য নির্ধারণ করা হয়। পরিশেষে উক্ত খাতগুলোর উৎপাদনের মূল্য যোগ করে মোট জাতীয় আয় নির্ধারণ করা হয়।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** মাথাপিছু আয় নির্ণয় পদ্ধতি ব্যাখ্যা করো।

**ঘ** মোট দেশজ উৎপাদনের যেসব উপাদানের ওপর নির্ভরশীলতা আলোচনা করো।

**প্রশ্ন ▶৪**




◀ *শিখনফল-৪*

ক. CCA-এর পূর্ণরূপ কী? ১
খ. নিট জাতীয় আয় বলতে কী বোঝ? ২
গ. ২নং ও ৩নং পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় নির্ণয় করা হয়? ৩
ঘ. ১নং পদ্ধতিতে মোট দেশজ উৎপাদন নির্ণয়ের জন্য অর্থনীতিকে মোট কয়টি খাতে বিভক্ত করা যায়? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** CCA-এর পূর্ণরূপ হচ্ছে- Capital Consumption Allowance.

**খ** কোনো নির্দিষ্ট সময়ে কোনো অর্থনীতিতে চূড়ান্ত পর্যায়ের দ্রব্য ও সেবার আর্থিক মূল্য থেকে মূলধনের ব্যবহারজনিত অবচয় ব্যয় বাদ দিলে যা থাকে তাকে নিট জাতীয় আয় বলে।

উৎপাদন কাজে যন্ত্রপাতি, ঘরবাড়ি প্রভৃতি ব্যবহার করার ফলে ধীরে ধীরে তাদের ক্ষয়ক্ষতি হয়। তাই তাদের সংস্কার ও মেরামতের প্রয়োজন পড়ে। মোট জাতীয় আয় থেকে মূলধনের বা যন্ত্রপাতির এ ক্ষয়ক্ষতিজনিত ব্যয় বাদ দিলে যা অবশিষ্ট থাকে তাই হলো নিট জাতীয় আয়।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** আয় পদ্ধতি জাতীয় আয় নির্ণয় করো।

**ঘ** উৎপাদন পদ্ধতি ধারণা বিশ্লেষণ করো।

## ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶৫** মি. 'Y' দক্ষিণ কোরিয়ায় কর্মরত একজন বাংলাদেশি চাকরিজীবী। মি. 'Z' বাংলাদেশে কর্মরত একজন জাপানি নাগরিক। তারা উভয়ই তাদের আয়ের একটি অংশ নিজ দেশে প্রেরণ করেন।

◀ *শিখনফল-১*

ক. CCA-এর পূর্ণরূপ কী? ১

খ. নিট জাতীয় আয় বলতে কী বোঝায়? ২

গ. মি. 'Y' এর আয় কীভাবে বাংলাদেশের জাতীয় আয়ে সম্পৃক্ত হবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. 'Z' এর আয় কী বাংলাদেশের জাতীয় আয়কে প্রভাবিত করবে? উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

**প্রশ্ন ▶৬** GNI = C + I + G + (X – M)

◀ *শিখনফল-৩ [সিলেট সরকারি মডেল স্কুল এন্ড কলেজ]*

ক. GNP কী? ১

খ. GNP ও GDP-এর মধ্যে ২টি পার্থক্য লেখো। ২

গ. উদ্দীপকটি মুক্ত না বন্ধ অর্থনীতির আলোকে প্রতিষ্ঠিত? কেন? ৩

ঘ. (X – M) কী নির্দেশ করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶৭** জাতীয় আয় (Y) = খাজনা + মজুরি + সুদ + মুনাফা

◀ *শিখনফল-৬*

ক. CCA-এর পূর্ণরূপ কী? ১

খ. পূর্বের বছরের উৎপাদিত দ্রব্য চলতি বছরের গণনায় অন্তর্ভুক্ত করা হয় না কেন? ২

গ. উদ্দীপকে জাতীয় আয় পরিমাপের কোন পদ্ধতি নির্দেশ করা হয়েছে— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জাতীয় আয় পরিমাপের পদ্ধতিটি ছাড়া আরও পদ্ধতি আছে কি? যদি থাকে তবে সর্বোত্তম পদ্ধতি কোনটি— বিশ্লেষণ করো। ৪

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. **জাতীয় আয় কী?**
ক এক বছরের উৎপাদিত দ্রব্যসামগ্রী ও সেবার বাজার মূল্য
খ দ্রব্য ও সেবাকার্যের বিক্রয়লব্ধ অর্থ
গ এক বছরে দেশের বাইরে উৎপাদিত দ্রব্যসামগ্রীর আর্থিক মূল্য
ঘ রপ্তানি দ্রব্যের দ্বারা অর্জিত অর্থ

২. **একটি দেশে জাতীয় আয় পরিমাপের প্রয়োজন হয় কেন?**
ক ঐ দেশের সম্পদের পরিমাণ জানতে
খ দেশটির জনবল জানতে
গ ঐ দেশের অর্থনৈতিক অবস্থা বুঝতে
ঘ দেশটির সামর্থ্য অনুধাবন করতে

৩. **কোনো নির্দিষ্ট সময়ে কোনো অর্থনীতিতে চূড়ান্ত পর্যায়ের দ্রব্য ও সেবা থেকে কী বাদ দিলে নিট জাতীয় আয় পাওয়া যায়?**
ক মোট জাতীয় উৎপাদন
খ মোট দেশজ উৎপাদন
গ মূলধন ব্যবহারজনিত অবচয় ব্যয়
ঘ নিট উৎপাদন আয়

৪. **CCA বলতে নিচের কোনটিকে বোঝানো হয়?**
ক মূলধন ব্যবহারজনিত মুনাফা
খ মূলধন ব্যবহারজনিত আয়
গ মূলধন ব্যবহারজনিত অবচয় ব্যয়
ঘ মূলধন ব্যবহারজনিত উৎপাদন

৫. **কৃষির কোন খাতে দেশজ উৎপাদনের পরিমাণ চলতি পাইকারি বাজার মূল্যের প্রেক্ষিতে হিসাব করা হয়?**
ক শস্য ও শাকসবজি খ অর্থকরী ফসল
গ বনজ সম্পদ ঘ মৎস্য সম্পদ

৬. **প্রাণী সম্পদের ক্ষেত্রে কিসের প্রেক্ষিতে দেশজ উৎপাদনের পরিমাণ হিসাব করা হয়?**
ক চলতি বাজার মূল্য খ মোট ব্যয়
গ সরবরাহ মূল্য
ঘ চলতি পাইকারি বাজার মূল্য

৭. **কোনটি কৃষি ও বনজ সম্পদের উপখাত?**
ক মৎস্য সম্পদ খ খনিজ ও খনন
গ প্রাণিসম্পদ ঘ পানিসম্পদ

৮. **আর্থিক প্রতিষ্ঠানিক সেবা খাতের হিসাব করা হয় কিসের ভিত্তিতে?**
ক আয় খ ব্যয়
গ বিক্রয় মূল্য ঘ প্রাপ্ত মূল্য

**অনুচ্ছেদটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. ডন একজন বিদেশি যুবক। সে বাংলাদেশে একটি ব্যবসা প্রতিষ্ঠান চালায়। আবার বাংলাদেশি যুবক হাকিম সৌদি আরবে চাকরি করে দেশে প্রচুর অর্থ পাঠায়।

৯. **মি. ডনের উপার্জিত অর্থ এদেশের কোন হিসাবের সাথে যুক্ত হবে?**
ক মোট জাতীয় উৎপাদে
খ নিট জাতীয় উৎপাদে
গ মোট দেশজ উৎপাদে
ঘ নিট জাতীয় উৎপাদে

১০. **হাকিমের আয় যুক্ত হবে বাংলাদেশের—**
i. মোট দেশজ উৎপাদে
ii. মোট জাতীয় উৎপাদে
iii. মোট জাতীয় আয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. **মি. জন একজন গায়ক। তিনি প্রায়ই তার বন্ধুদের গান শোনান। তিনি বিভিন্ন রেকর্ডিং প্রতিষ্ঠান ও অনুষ্ঠানে অডিশন দিয়ে থাকেন। তার এই কর্মকাণ্ড GDP নির্ধারণে কী হয়?**
ক বিবেচ্য খ অবিবেচ্য
গ অতি প্রয়োজনীয় ঘ গ্রহণযোগ্য

১২. **অর্থনীতিতে এমন কিছু দ্রব্য ও সেবা আছে যেগুলো বাজারের কেনা বেচা হয় না সেগুলো কী ধরনের দ্রব্য?**
ক অবাধলভ্য দ্রব্য খ মাধ্যমিক দ্রব্য
গ চূড়ান্ত দ্রব্য ঘ প্রাথমিক দ্রব্য

১৩. **জিডিপি গণনার ক্ষেত্রে কোন ধরনের হিসাব মোট দেশজ উৎপাদে অন্তর্ভুক্ত করা হয় না?**
ক ভবিষ্যতে উৎপাদিত পণ্য
খ অতীতের উৎপাদিত পণ্য
গ বর্তমানে উৎপাদিত পণ্য
ঘ চূড়ান্ত উৎপাদিত পণ্য

১৪. **চূড়ান্ত দ্রব্যের মধ্যে অন্তর্ভুক্ত থাকে—**
i. প্রাথমিক দ্রব্য
ii. চূড়ান্ত দ্রব্য iii. মাধ্যমিক দ্রব্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৫. **মি. জন ভারত থেকে চোরাই পথে শাড়ি, মসলা ইত্যাদি পণ্য ক্রয় করে বাংলাদেশে বিক্রয় করে। জনের কাজটি হলো—**
i. বাণিজ্য
ii. বেআইনি iii. কালোবাজারি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. **GNI এর বাংলা পূর্ণরূপ কী?**
ক মোট জাতীয় উৎপাদন
খ মোট জাতীয় আয়
গ নিট দেশজ উৎপাদন
ঘ নিট জাতীয় আয়

১৭. **নিচের কোনটি জাতীয় আয় পরিমাপের পদ্ধতি?**
ক বিনিময় পদ্ধতি খ বণ্টন পদ্ধতি
গ আয় পদ্ধতি ঘ ভোগ পদ্ধতি

১৮. **বাংলাদেশের অর্থনীতিকে কয়টি খাতে বিভক্ত করা হয়?**
ক ১০টি খ ১২টি
গ ১৫টি ঘ ১৭টি

১৯. **একটি আর্থিক বছরে দেশের ১৫টি খাতের উৎপাদনের মূল্য যোগ করে কী পাওয়া যায়?**
ক মোট দেশজ উৎপাদ
খ মুনাফা
গ রপ্তানি আয়
ঘ নিট জাতীয় উৎপাদ

২০. **দেশের ১৫টি খাতের কীসের মূল্য যোগ করে দেশের মোট দেশজ উৎপাদন নির্ধারণ করা হয়?**
ক ভোগ মূল্য খ বিনিয়োগ মূল্য
গ বাণিজ্য মূল্য ঘ উৎপাদন মূল্য

২১. **ব্যয় পদ্ধতিতে জাতীয় আয় কী?**
ক আয়ের যোগফল
খ ব্যয়ের যোগফল
গ বিনিয়োগের যোগফল
ঘ ভোগের যোগফল

২২. **ব্যয় পদ্ধতিতে জাতীয় আয় নির্ণয়ের সূত্র কোনটি?**
ক C+I+G
খ C+I+M
গ C+I+X
ঘ C+I+G+ (X-M)

২৩. **জাতীয় আয় পরিমাপের পদ্ধতি হলো—**
i. উৎপাদন পদ্ধতি
ii. আয় পদ্ধতি
iii. ব্যয় পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৪. **একটি দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানের প্রধান সূচক কী?**
ক মাথাপিছু জিডিপি খ বাৎসরিক আয়
গ মোট জাতীয় উৎপাদন
ঘ নিট জাতীয় উৎপাদন

২৫. **একটি দেশ উন্নত, অনুন্নত নাকি উন্নয়নশীল তা নির্ণয় করা যা কোনটি থেকে?**
ক মাথাপিছু GNP খ মাথাপিছু NNP
গ মাথাপিছু GDP ঘ মাথাপিছু NDP

২৬. **মাথাপিছু আয় বেশি হলে একটি দেশ কেমন হয়?**
ক উন্নত খ সমাজতান্ত্রিক
গ উন্নয়নশীল ঘ ধনতান্ত্রিক

২৭. **মাথাপিছু আয় নির্ণয়ে জানা প্রয়োজন—**
i. মোট জনসংখ্যা ii. মোট আয়তন
iii. মোট দেশজ উৎপাদ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
সজীবের একটি গার্মেন্টস কারখানা আছে। সেখান থেকে এ বছর শেষে তার প্রচুর উৎপাদন হয়েছে। পরবর্তী বছর আরও উৎপাদনের আশায় সে আরও ১০টি সেলাই মেশিন যোগ করে।

২৮. **সজীব তার উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে কোনটির ব্যবহার পরিবর্তন করেছেন?**
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ প্রযুক্তি

২৯. **উৎপাদন ক্ষেত্রে এরূপ পরিবর্তন—**
i. GDP বৃদ্ধি করে
ii. GNP বৃদ্ধি করে
iii. NNP হ্রাস করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৩০. **মোট দেশজ উৎপাদ গণনায় বিবেচনায় আনা হয়—**
i. নির্দিষ্ট সময়
ii. দেশের নাগরিক
iii. ভৌগোলিক সীমানা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** রেজা সাহেব দেশের একজন নীতি নির্ধারক। তিনি নতুন একটি কাজ পেয়েছেন জাতীয় আয় পরিমাপ করার। তিনি তার দীর্ঘ অভিজ্ঞতা থেকে দেখছেন যে জাতীয় আয় পরিমাপ করার বেশ কিছু পদ্ধতি রয়েছে। তিনি এখন চিন্তা করছেন তিনি কোন পদ্ধতি অবলম্বন করবেন।

ক. মাথাপিছু আয় কী? ১

খ. NNP বলতে কী বোঝ? ২

গ. রেজা সাহেবের জাতীয় আয় পরিমাপের ব্যয়যোগ্য আয় কতটুকু গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. জাতীয় আয় পরিমাপের কোন পদ্ধতিটি সর্বোৎকৃষ্ট বলে তুমি মনে করো? মতামত- দাও। ৪

**২.▶** রায়হান ১০ বছর যাবৎ সৌদি আরবে কর্মরত। তিনি প্রতি মাসে তার আয়ের বেশ কিছু অংশ দেশে প্রেরণ করেন। অন্যদিকে ব্রাউনি ব্রিটেনের নাগরিক। তিনি বাংলাদেশে একটি বেসরকারি সংস্থায় কর্মরত। প্রতি মাসে তিনিও তার দেশে টাকা পাঠান।

ক. ব্যয় পদ্ধতি কি? ১

খ. নিট জাতীয় উৎপাদন বলতে কী বোঝ? ২

গ. রায়হানের অর্থ প্রেরণ আমাদের জাতীয় আয় পরিমাপে কীভাবে সম্পৃক্ত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্রাউনির আয় কি বাংলাদেশের জাতীয় আয়কে প্রভাবিত করবে? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

**৩.▶** আশরাফ অনেক কষ্ট করে জমি বিক্রির টাকা দিয়ে তার ছোট ভাইকে বিদেশে পাঠিয়েছিলেন। এখন তার ছোট ভাই মাসে অনেক টাকা পাঠায়। পাশাপাশি তিনি কৃষিকাজ করেও ভালো টাকা আয় করে। একদিন তাদের পাশের গ্রামের বারী সাহেবের সাথে দেখা হলে তিনি বলেন যে, আশরাফের ভাইয়ের মতো যারা বিদেশে থাকে তাদের কল্যাণে বাংলাদেশের মোট জাতীয় আয় দিন দিন বাড়ছে।

ক. জাতীয় আয় কী? ১

খ. GDP পরিমাপের দুটি নির্ধারক বর্ণনা করো। ২

গ. আশরাফের ভাইয়ের পাঠানো টাকা জাতীয় আয়ে কীভাবে অবদান রাখে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে GNP ও GDP সম্পর্কে তোমার মতামত দাও। ৪

**৪.▶** জাতীয় আয় $(Y)$ = মোট খাজনা $(\sum r)$ + মোট মজুরি $(\sum w)$ + মোট সুদ $(\sum i)$ + মোট মুনাফা $(\sum \pi)$।

ক. বাংলাদেশের জাতীয় আয় গণনার দায়িত্বে আছে কোন প্রতিষ্ঠান? ১

খ. মোট জাতীয় আয় ও নিট জাতীয় আয়ের মধ্যে পার্থক্য কী? ২

গ. উদ্দীপকে জাতীয় আয় পরিমাপের কোন পদ্ধতি নির্দেশ করে বিশ্লেষণ করো। ৩

ঘ. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে এ পদ্ধতি কতটা কার্যকর? তোমার মতামত দাও। ৪

**৫.▶** সাইফুল একবার দেশের আয় ও সম্পদ গণনার কাজের সাথে জড়িত হয়েছিলেন। তখন এ কাজ করতে গিয়ে দেখেন বিভিন্ন খাতের মোট উৎপাদন, বিভিন্ন উপকরণের আয় এবং সমাজের মোট ব্যয় এই তিন পদ্ধতিতে জাতীয় আয় হিসাব করা যায়। এ হিসাব করতে তাকে কিছু কিছু খাতের হিসাব বাদ দিতে হয়েছিল। তাকে বলা হয়েছিল, জাতীয় আয় পরিমাপের জন্য এমনটি করা প্রয়োজন।

ক. মূলধন কী? ১

খ. মোট দেশজ উৎপাদন (GDP) বলতে কী বোঝায়? ২

গ. সাইফুল কীভাবে বিভিন্ন উপকরণের আয় অর্থাৎ আয় পদ্ধতিতে জাতীয় আয় পরিমাপ করেছিল তা ব্যাখ্যা করো। ৩

ঘ. সাইফুল জাতীয় আয় গণনার সময় যে সব দ্রব্য বিষয় বাদ দিয়েছিলেন তার একটি তালিকা প্রস্তুত করো। ৪

**৬.▶** জাবের মিয়া জাতীয় আয় গণনার দায়িত্বে নিয়োজিত সরকারি প্রতিষ্ঠানে কাজ করেন। একটি আলোচনা অনুষ্ঠানে তিনি বলেন জাতীয় আয় পরিমাপের জন্য বিভিন্ন পদ্ধতি অবলম্বন করতে হয়।

ক. আয় পদ্ধতি কী? ১

খ. এই সরকারি প্রতিষ্ঠান কীভাবে GDP ও GNI গণনা করে? ব্যাখ্যা করো। ২

গ. উৎপাদন পদ্ধতিতে জাতীয় আয় পরিমাপের কৃষিজ ও বনজ খাতটি ব্যাখ্যা করো। ৩

ঘ. তোমার মতে জাতীয় আয় পরিমাপের কোন খাতটি সবচেয়ে গুরুত্বপূর্ণ? আলোচনা করো। ৪

**৭.▶** ড. এম রহমান একজন অর্থনীতিবিদ। তিনি বাংলাদেশের জাতীয় আয় নির্ধারণ করতে গিয়ে বিভিন্ন সমস্যার মধ্যে পড়েছেন। তিনি গবেষণার মাধ্যমে দেখেন, জাতীয় আয় বা মোট দেশজ উৎপাদন কিছু উপাদানের ওপর নির্ভর করে। এছাড়া কিছু মাথাপিছু জিডিপি বের করার জন্য একটি সূত্র অবলম্বন করেন, যার মাধ্যমে তিনি বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা সহজেই পরিমাপ করতে পারলেন।

ক. মোট জাতীয় উৎপাদন কী? ১

খ. উৎপাদন পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় নির্ধারণ করা যায়? ২

গ. ড. এম রহমান জনপ্রতি যে আয়ের সূত্র অবলম্বন করেছেন, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. ড. এম রহমানের গবেষণায় মোট দেশজ উৎপাদনের যেসব উপাদানের ওপর নির্ভরশীলতা ধরা পড়েছে, সেসব উপাদানের বিবরণ দাও। ৪

**৮.▶** লতিফ গ্রামে বাস করেন। তার কিছু জমিজমা আছে। এসব জমিতে তিনি ফসল উৎপাদন করেন। নিজের পরিবারের চাহিদা মিটিয়ে বাড়তি ফসল তিনি বাজারে বিক্রি করে অর্থ উপার্জন করেন।

ক. মোট দেশজ উৎপাদন কাকে বলে? ১

খ. জাতীয় আয় পরিমাপের আয় পদ্ধতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত খাতটি আমাদের জাতীয় আয় বৃদ্ধিতে কী অবদান রাখছে? বর্ণনা করো। ৩

ঘ. মোট জাতীয় উৎপাদনে উক্ত খাত ছাড়া অন্যান্য খাতও গুরুত্বপূর্ণ— বিশ্লেষণ করো। ৪

**৯.▶** শিক্ষক দশম শ্রেণির অর্থনীতির ক্লাসে শিক্ষার্থীদেরকে দেশের জাতীয় আয়, মাথাপিছু আয় বিষয়গুলো ব্যাখ্যা করছিলেন। উদাহরণ হিসেবে তিনি বলেন, 'ক' দেশের মোট জাতীয় আয় ১০০০০০ টাকা এবং জনসংখ্যা ১০০০ জন হলে তাদের মাথাপিছু আয় হবে ১০০ টাকা। তিনি আরও বলেন, মাথাপিছু আয় হলো একটি দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানের প্রধান সূচক।

ক. GNI এর পূর্ণরূপ কী? ১

খ. GDP-এর নির্ধারকসমূহ কী কী? ২

গ. শিক্ষকের দেওয়া উদাহরণটি বাংলাদেশের ২০১৪ সালের মাথাপিছু আয় ১১১৫ ডলার অনুযায়ী সূত্রের মাধ্যমে প্রকাশ করো। ৩

ঘ. 'মাথাপিছু আয় হলো একটি দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানের প্রধান সূচক'— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**১০.▶** আনোয়ার 'ক' দেশে বাস করে। 'ক' দেশে মাথাপিছু জিডিপির হার বেশি। ফলে 'ক' দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মান দিন দিন উন্নত হচ্ছে। 'ক' দেশের জিডিপি হিসাব করার সময় শুধুমাত্র চূড়ান্ত পর্যায়ের উৎপাদিত দ্রব্য ও সেবার বাজারমূল্য হিসাব করা হয়।

ক. নিট রপ্তানি কী? ১

খ. চূড়ান্ত দ্রব্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে আনোয়ারের দেশের যে জিডিপির কথা বলা হয়েছে তার নির্ধারকসমূহ তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'ক' দেশের জিডিপি হিসাব করার সময় জিডিপির যে উপাদানগুলো বিবেচনা করা হয় না সেগুলো বিশ্লেষণ করো। ৪

**১১.▶** মাধ্যমিক শ্রেণির ছাত্রী সাদিয়া তার বন্ধু মানিক কে বলে যে, সে বুঝতে পারে না কীভাবে দেশের মোট আয় হিসাব করা সম্ভব। মানিক তাকে বুঝিয়ে বলে যে উৎপাদনের ৪টি উপকরণের আয় একত্র করেই মোট আয় নির্ণয় করা সম্ভব।

ক. CCA এর পূর্ণরূপ কী? ১

খ. নিট জাতীয় উৎপাদন বলতে কী বোঝায়? ২

গ. মানিক জাতীয় আয় হিসাবের যে পদ্ধতির কথা বলে সেটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের পদ্ধতি ছাড়া জাতীয় আয় পরিমাপের অন্য কোনো পদ্ধতি আছে কি? যদি থাকে সেগুলো আলোচনা করো। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |